

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ১৪, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়
পরিবেশ অধিশাখা-২

প্রজ্ঞাপন

তারিখ: ২০ অক্টোবর ২০১৬ খ্রিস্টাব্দ/০৫ কার্তিক ১৪২৩ বঙ্গাব্দ

নং ২২.০০.০০০০.০৭৩.৩৫.০০১.২০১৪-২০১—সিলেট জেলার জাফলং-ডাউকি নদী ও নদীর উভয় পাড় হতে ৫০০ মিটার প্রস্থের এলাকা এবং জাফলং-ডাউকি ও পিয়াইন নদীর মধ্যবর্তী খাসিয়াপুঞ্জিসহ মোট ১৪.৯৩ বর্গকিলোমিটার এলাকাকে প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা (ইসিএ) হিসেবে ঘোষণাকৃত এলাকার ব্যবস্থাপনা ও উন্নয়ন কার্যক্রম সমন্বয় করার লক্ষ্যে সরকার নিম্নরূপভাবে 'জাফলং-ডাউকি নদী ইসিএ ব্যবস্থাপনা কমিটি' গঠন করেছে:

(ক) কমিটির গঠন:

- | | |
|---|----------|
| (১) বিভাগীয় কমিশনার, সিলেট | - সভাপতি |
| (২) জেলা প্রশাসক, সিলেট | - সদস্য |
| (৩) পুলিশ সুপার, সিলেট | - সদস্য |
| (৪) উপজেলা নির্বাহী কর্মকর্তা, গোয়াইনঘাট, সিলেট | - সদস্য |
| (৫) বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট | - সদস্য |
| (৬) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সিলেট | - সদস্য |
| (৭) বিআইডব্লিউটিএ এর সংশ্লিষ্ট এলাকার নির্বাহী প্রকৌশলী | - সদস্য |
| (৮) বিডব্লিউডিবি এর সংশ্লিষ্ট এলাকার নির্বাহী প্রকৌশলী | - সদস্য |
| (৯) খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর প্রতিনিধি (উপপরিচালকের নিম্নে নয়) | - সদস্য |
| (১০) জেলা মৎস্য কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর, সিলেট | - সদস্য |

(১৬১৮৭)

মূল্য ৪ টাকা ৪.০০

(ক) কমিটির গঠন:

- (১১) উপপরিচালক, তথ্য অধিদপ্তর, সিলেট - সদস্য
- (১২) সহকারী কমিশনার (ভূমি), গোয়াইনঘাট, সিলেট - সদস্য
- (১৩) অফিসার ইনচার্জ, গোয়াইনঘাট থানা, সিলেট - সদস্য
- (১৪) কমিটির সভাপতি কর্তৃক মনোনীত - সদস্য
- (ক) সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক প্রাতিষ্ঠানিক বিশেষজ্ঞ (বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক)-১ জন
- (খ) প্রাকৃতিক সম্পদ বিশেষজ্ঞ (সরকারি কলেজের সহযোগী অধ্যাপকের নিম্নে নয়, এমন একজন শিক্ষক)-১ জন
- (গ) সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি-১ জন
- (ঘ) স্থানীয় কমিউনিটি প্রতিনিধি-২ জন
- (১৫) সভাপতি, প্রেসক্লাব, সিলেট - সদস্য
- (১৬) পরিচালক, সিলেট বিভাগীয় কার্যালয়, পরিবেশ অধিদপ্তর - সদস্য-সচিব।

(খ) কমিটির কার্যপরিধি:

- (ক) ইসিএ ঘোষণা, এতদসংক্রান্ত পরিকল্পনা ও ব্যবস্থাপনার জন্য নীতিমালা প্রণয়নের লক্ষ্যে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ;
- (খ) জাফলং-ডাউকি নদীর ইসিএ ব্যবস্থাপনা পরিকল্পনা পর্যালোচনা ও অনুমোদন এবং ব্যবস্থাপনা অগ্রগতি পরিবীক্ষণ ;
- (গ) জাফলং-ডাউকি নদীর সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, অধিদপ্তর, সংস্থা, বেসরকারি প্রতিষ্ঠান (এনজিও) এবং নাগরিক প্রতিষ্ঠানগুলোর সঙ্গে যথাযথ পর্যায়ে সমন্বয় রক্ষা করা ;
- (ঘ) জাফলং-ডাউকি নদীর পরিবেশগত অবস্থা ও উন্নতি পরিবীক্ষণ ও মূল্যায়ন করা ;
- (ঙ) জাফলং-ডাউকি নদীর উন্নয়নে গৃহীত প্রকল্প, গবেষণা, তথ্য সংগ্রহ, মনিটরিং ইত্যাদি কার্যক্রমের অগ্রাধিকার নির্ধারণ ও সমন্বয় সাধন করা।

০২। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

খোরশেদা ইয়াসমীন
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd.